

## ফতওয়া নং ২৭৮

### প্রশ্নঃ

জনাব মুফতি সাহেব আমার জানার বিষয় হল আমি মসজিদের ক্যাশিয়ার আমার কাছে মসজিদের টাকা হিসাব রাখা থাকে তো আমি আমার কোন কারনে সেই মসজিদের টাকা জরুরাতে ব্যবহার করতে পারি কি? আবার পরে সে টাকা পুনরায় ফিরিয়ে দেব মসজিদের কাজের দরকার লাগবে যখন দয়া করে একটু জানাবেন।

### উত্তরঃ

মসজিদের টাকা ক্যাশিয়ারের কাছে থাকে মসজিদ বিভাগীয় কাজে খরচ করার জন্য আমানত স্বরূপ। অতএব, এই টাকা অন্য কোনো খাতে খরচ করা বা ব্যক্তিগত কাজে খরচ করা ঋণ স্বরূপ হলেও জাইয হবে না। (ফাতাওয়া মাহমুদিয়া ১৫/৮০)

স্বাক্ষর

মুফতী সাইফুল ইসলাম কাসিমী  
ফতওয়া বিভাগ, জামিয়া নুমানিয়া।  
১২ শাবান, ১৪৪৫ হিজরী (23/02/2024)